দৈনিক ইনকিলাব

তারিখ 14 OCT 1986
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

১৪৩

# উপজেলা পরিক্রমা

## টাঙ্গাইল সদর উপজেলা

।। আবুল হোসেন ।।

টাঙ্গাইল সদর উপজেলার উত্তরে কালিহাতী উপজেলা, দক্ষিণে দেলদুয়ার ও নাগরপুর, পূর্বে বাশাইল উপজেলা এবং পশ্চিমে যমুনা নদী ও পাবনা জেলা। ১শ' ৭ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ সদর উপজেলায় মোট জনসংখ্যা ৩ লাখ ১০ হাজার ৪শ' ৮২ জন।

একটি পৌরসভা ও ৯টি ইউনিয়ন এবং ৫৭টি গ্রামের সমন্বয়ে গঠিত এ উপজেলা।

টাঙ্গাইল লৌহজং নদীর তীরে অবস্থিত। যোগাযোগের একমাত্র বাহন হলো সড়কপথ। এখানে কোন রেলপথ নেই।

### শিক্ষা

এখানে একটি সরকারী মহিলা ডিগ্রী কলেজ ও ২টি সরকারী কলেজ, একটি সরকারী বালক ও বালিকা বিদ্যালয় আছে। ২০টি বালক ও ৪টি উচ্চ বিদ্যালয়, ১টি প্রাথমিক প্রশিক্ষণালয়, ১টি সরকারী শিশু সদন, ১টি হোমিও কলেজ, ১টি ল' কলেজ ও ১৪টি প্রাথমিক বিদ্যালয় আছে। এ সদর উপজেলায় সন্তোষে ইসলামী বিশ্ববিদ্যালয় আছে।

### উৎপন্ন দ্রব্য

এ উপজেলার মাটি উর্বরা। এখানে প্রচুর ধান ও পাট জন্মে। আউশ, আমন, বোরো, ইরি প্রভৃতি ধান প্রচুর জন্মে।

### হস্তশিল্প

পূর্ব থেকেই টাঙ্গাইল উপজেলার হস্ত শিল্পের যথেষ্ট সুনাম আছে। হস্তশিল্পের মধ্যে তাঁত শিল্প, কাঁসা-পিতল শিল্প, মৃৎশিল্প, শীতল পাটি শিল্প প্রভৃতি প্রধান।

টাঙ্গাইলের তাঁতের শাড়ী দেশে-বিদেশে খুব সুনাম অর্জন করেছে। পাথরাইল, বাজিতপুর, নলসন্ধ্যা প্রভৃতি গ্রামে বহু তাঁত শিল্পীর বাস।

### চিকিৎসা

এখানে ১শ' শয্যা বিশিষ্ট আধুনিক সদর হাসপাতাল আছে। পশু-হাসপাতাল, পরিবার পরিকল্পনা ক্লিনিক, মেডিকেল এটেনডেন্স ট্রেনিং স্কুল ও ১টি সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র এ উপজেলাতে রয়েছে।

### হাট-বাজার

এ সদর উপজেলায় হাট-বাজারের সংখ্যা ২৫টি। এ গুলোর বিভিন্ন সমস্যা রয়েছে। সংস্কারের অভাব, নর্দমা, খাবার পানি সংকট পায়খানা-প্রস্রাবখানা ইত্যাদি না থাকায় জনসাধারণকে দুর্ভোগ পোহাতে হচ্ছে।